

একজন অঙ্গনওয়াড়ি কর্মীর প্রয়োজনীয় দক্ষতা

সূচনা

- ❖ একজন অঙ্গনওয়াড়ি কর্মীর প্রয়োজনীয় দক্ষতাকে ছটি ভাগে ভাগ করা যায়। এগুলি সাধারণ দক্ষতার দিক, কেবল কয়েক ঘন্টা সময়ের মধ্যেই তা শিখে নেওয়া সম্ভব। কিন্তু এগুলিই হাজারো মানুষের জীবনরক্ষা করতে পারে।
- ❖ দক্ষতার এই ছটি ভাগকে নিচে দেওয়া হল:

1. নেতৃত্ব

- নেতা দলকে সামনের দিকে এগিয়ে নিয়ে যান। এবং দলের অন্য সদস্যরা মিলে দল তৈরী করেন।
- কখনও জন্মগতভাবে কেউ নেতা, কখনও বা কেউ নেতা তৈরী হন।
- কর্মীগোষ্ঠীকে দক্ষতার সঙ্গে পরিচালনার জন্য তাদের লক্ষ্য সমর্থনে মানুষের বিশ্বাস, ব্যবহার এবং কাজকে প্রভাবিত করতে নেতৃত্ব হল একটা ধারাবাহিক প্রক্রিয়া।
- নেতাদের
 - নিজের প্রতি আস্থা ও বিশ্বাস রয়েছে।
 - শান্ত ও স্থিতিধি থাকায়, দলের অনুরূপ মনোভাব গড়তে সাহায্য করেন এবং প্রত্যেককে কর্মপ্রবণ এবং সামনে এগিয়ে যেতে উৎসাহিত করেন।
 - ভাল যোগাযোগ গড়ে তোলার দক্ষতা রয়েছে। রয়েছে সামাজিক দক্ষতা, সঠিক অগ্রাধিকার স্থাপন করার দক্ষতা, কারিগরী সক্ষমতা, উদ্ভাবনী চিন্তার সক্ষমতা এবং প্রাথমিক ধারণা সম্পর্কে সম্যক জ্ঞান।
 - উদ্যমী, সৎ, আশাবাদী, নিশ্চয়তা প্রদানের সক্ষমতা রয়েছে। এছাড়াও তথ্য পরিবেশনের ক্ষেত্রে ব্যক্তিগত অভিপ্সা বা আকাঙ্ক্ষা দ্বারা প্রভাবিত না হওয়ার প্রবণতা রয়েছে।



2. যোগাযোগ দক্ষতা

- যোগাযোগ রক্ষার ক্ষেত্রে কখনও জাতপাত বা শ্রেণীগত ভেদাভেদ বা বৈষম্য সেই সম্প্রদায়ের সঙ্গে যোগাযোগের ক্ষেত্রে থাকা বাঞ্ছনীয় নয়।
- তাদের সঙ্গে কথা বলার ক্ষেত্রে প্রকৃত শ্রদ্ধা ও সম্মান প্রদর্শন বাঞ্ছনীয়।
- লোকদের সুযোগ ভাগ করে দিয়ে তার ব্যবহার করতে দেওয়া উচিত। তাদের শূন্য কলসের মতো ব্যবহার করা উচিত নয়।
- চটজলদি প্রতিক্রিয়া ব্যক্ত করা উচিত নয়। গুনুন, তুলনা করুন, ব্যাখ্যা করুন, অতঃপর প্রতিক্রিয়া ব্যক্ত করুন।
- কখনও তথ্যের সরলীকরণ করা উচিত নয়। কি আপনি চান বা চান না, কিসের পরিবর্তন করতে চান, অথবা কিসেরই বা ধারাবাহিকতা অক্ষুন্ন রাখতে চান, সে ব্যাপারে সুনির্দিষ্ট হতে হবে আপনাকে।
- বিস্তারিত তথ্যের পূঞ্জিকরণের স্বার্থে যোগাযোগ দক্ষতা উড়ানের উল্লেখ বাঞ্ছনীয়।



3. সিদ্ধান্ত গ্রহণের দক্ষতা

সিদ্ধান্ত গ্রহণের জন্য মূলগতঃ কয়েকটি পদ্ধতি অনুসরণ করা বাঞ্ছনীয়:

- **সমস্যাটি নির্ণয় করা** - যত্ন সহকারে পরিস্থিতির প্রতি দৃষ্টিপাত করুন এবং যাবতীয় প্রেক্ষাপট থেকে তার পরীক্ষা করে মূলগত সমস্যা নির্ণয়ের চেষ্টা করুন।
- **তথ্য পুঞ্জিকরণ করুন** - প্রয়োজনীয় যাবতীয় তথ্য সংগ্রহ করুন। প্রকৃত কর্তৃপক্ষের কাছ থেকে পরামর্শ চান এবং সম্প্রদায়কে কাজের সাথে যুক্ত করুন।
- **বিকল্পের ব্যাপারে ভাবুন** - সম্প্রদায়ের একটা বৈঠক ডাকুন এবং লোকদের যাদের সঙ্গে আপনি কাজ করছেন তাদের সঙ্গে পরিস্থিতি নিয়ে আলোচনা করুন। সেই সমস্যার ব্যাপারে প্রয়োজনীয় তথ্য সংগ্রহের প্রয়োজনেই তা করা দরকার।
- একটি বিকল্প বেছে নিন যাবতীয় প্রাপ্য সুযোগের মধ্যে থেকে।
- সিদ্ধান্তকে কাজে লাগান।

একটি কার্যকরী সিদ্ধান্ত

- কখনও দলের সদস্যদের মধ্যে অসুখী মনোভাবের জায়গা পেতে দেয় না।
- বাস্তবায়ন ঘটায়।
- তা জাগ্রত চেতনার মতো।
- দলকে তার সঙ্গে যথাযথভাবে যুক্ত করুন যাতে দলের সদস্যরা সিদ্ধান্তের রূপায়ন ঘটাতে পারে।

5. সমন্বয় দক্ষতা

- একজন অঙ্গনওয়াড়ি কর্মী হিসেবে স্বাস্থ্যরক্ষা কর্মসূচী এবং সম্প্রদায়ের মধ্যে আপনি একটি সংযোগ।
- অতএব যাবতীয় অংশীদার এবং সম্প্রদায়ের মধ্যে আপনি নিয়মিত সমন্বয় বিধান করবেন এটাই কাম্য।
- স্বাস্থ্য ও পুষ্টি কার্যক্রমের মধ্যে যৌথভাবে পরিকল্পনা নির্ণয় করা যাতে সর্বাধিক সুফল লাভ সম্ভব হয়।
- গ্রামস্তরে স্নেহ শিবিরের পরিকল্পনা করা এবং গ্রাম স্বাস্থ্য পুষ্টি দিবসের আয়োজন করা।
- সমন্বয়ের ক্ষেত্রে প্রত্যেক সদস্যের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। একজন অঙ্গনওয়াড়ি কর্মী হিসেবে আপনি সমস্ত অংশীদারের মধ্যে সংযোগরক্ষক এবং কাজের অগ্রগতি সম্পর্কে তাদের সম্যক ওয়াকিবহাল করার দায়িত্ব আপনার।
- একটি বৈঠকের সুযোগ করতে বা অন্য কাজের ক্ষেত্রে কখনও কারও সাহায্য নিতে কুণ্ঠাবোধ করবেন না।

4. ঐক্যমত্যের দক্ষতা

সফল ঐক্যমত্যের পদ্ধতি সকলকে সংযুক্ত করে

- **অপর ব্যক্তির চিন্তাধারা কি তা জানতে চাওয়া** - একটি ঐক্যমত্যের পরিস্থিতিতে অপর ব্যক্তির উদ্বেগ এবং চাহিদা কি হতে পারে প্রশ্নের মধ্যে দিয়ে খুঁজে বের করা। সম্ভাব্য প্রশ্নগুলির উদাহরণঃ স্বরূপঃ এ ব্যাপারে আমার কাছে আপনার চাহিদা কি?
- **আপনার চাহিদা তুলে ধরুন** - আপনি কি চাইছেন কেবলমাত্র তাই নয় অধিকন্তু আপনি কেন তা চাইছেন তা তুলে ধরাটাও অত্যন্ত গুরুত্বপূর্ণ।
- **সম্ভাবনার ব্যাপারে আগেভাগেই প্রস্তুত হন।**
- **তর্ক করবেন না** - আপনি যদি কোন ব্যাপারে অসম্মত হন আপনার অসম্মতি ভদ্র, বিনম্রভাবে কিন্তু জোরের সঙ্গে ব্যক্ত করুন।
- আপনি কখনও প্রতিপক্ষ নীচু এবং পর্যুদস্ত এমন ভাবে দেবেন না।
- অপরিসীম সহনশীলতা থাকতে হবে।



6. সামাজিক গতিময়তা বৃদ্ধির দক্ষতা

- মহিলাদের গোষ্ঠী বৈঠক এবং ভি.এইচ.এস.এন.সি. বৈঠক পরিচালনা।
- গ্রামীণ স্বাস্থ্য পরিকল্পনার ক্ষেত্রে সহায়তা প্রদান।
- প্রান্তিক এবং বিপর্যস্ত সম্প্রদায়গুলি যাতে স্বাস্থ্য ও পুষ্টি সংক্রান্ত পরিষেবাগত সুযোগ পেতে পারে সেজন্য তাদের সক্ষমতা প্রদান করতে হবে।